

আশ্রয়ণের অধিকার,
শেখ হাসিনার উপহার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
আশ্রয়ণ-২ প্রকল্প
তেজগাঁও, ঢাকা।



নম্বর - ০৩.০২.০০০০.৭০১.০২.০৯৬.১৯-২৬৬

তারিখ : ০৬ চৈত্র ১৪২৬
২২ মার্চ ২০২০

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
প্রধানমন্ত্রীর কার্যালয়
হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় : ২০১৯-২০ অর্থ বছরে ব্যারাক মেরামতের ব্যয় নির্বাহের জন্য উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে অর্থ বরাদ্দ।

মহোদয়,

আমি নিম্নলিখিত প্রকল্পগ্রামের ব্যারাক মেরামতের ব্যয় নির্বাহের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে প্রকল্পের বিপরীতে বর্ণিত পরিমাণ অর্থ বরাদ্দ প্রদান করছি এবং উক্ত অর্থ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ব্যয়ের নিমিত্ত সংশ্লিষ্ট জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার বরাবরে অথরিটি প্রেরণের জন্য তাঁকে অনুরোধ জানাচ্ছি :-

ক্রঃ নং	জেলা	উপজেলা	প্রকল্পের নাম	ব্যারাক সংখ্যা	প্রস্ততকৃত প্রাক্কলিত অর্থ	সিলিং অনুযায়ী আইটি এবং ভ্যাট (২%+১০%) = ১২% কর্তনকৃত অর্থের পরিমাণ	ছাড়কৃত অর্থের পরিমাণ	মন্তব্য
১	গোপালগঞ্জ	টুঙ্গিপাড়া	বর্ণি সিংগীপাড়া	১	৫৩৫০২২.০০	৬৪২০৩.০০	৪৭০৮১৯.০০	ব্যারাক মেরামত
২	কক্সবাজার	টেকনাফ	হীলা	১	৫৭৪২৭৮.০০	৬৮৯১৪.০০	৫০৫৩৬৪.০০	ব্যারাক ও ল্যাট্রিন মেরামত
মোট				২	১১০৯৩০০.০০	১৩৩১১৭.০০	৯৭৬১৮৩.০০	
কথায় - নয় লক্ষ ছিয়াত্তর হাজার একশত তিরিশি টাকা মাত্র								

২। প্রেরিত প্ল্যান, ডিজাইন ও প্রাক্কলন মোতাবেক গুণগতমান বজায় রেখে আগামী ৩০.০৬.২০২০ইং তারিখের মধ্যে কাজ সমাপ্ত করতে হবে।

৩। উপজেলা আশ্রয়ণ-২ প্রকল্প বাস্তবায়ন টাস্কফোর্স এর সভাপতি হিসেবে উপজেলা নির্বাহী অফিসার এই অর্থের আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন। তিনি নিরীক্ষা দলের নিরীক্ষার জন্য প্রয়োজনীয় নথিপত্র সংরক্ষণ করবেন এবং অর্থ ব্যয় ও এর যথোপযুক্ত হিসাব সংরক্ষণের জন্য দায়ী থাকবেন।

৪। আর্থিক বিধি ও “পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮” এবং সংশোধিত ২০১৬” অনুসরণ করে এবং টেন্ডার ও অর্থ ব্যয় সংক্রান্ত সরকারি আর্থিক বিধি ও পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৫। কার্যাদেশ প্রাপ্তির পর সংশ্লিষ্ট ঠিকাদার ১৫ (পনের) দিনের মধ্যে প্রকল্পের কাজ শুরু করতে অসমর্থ হলে কার্যাদেশ বাতিলপূর্বক অত্র কার্যালয়কে অবহিত করতে হবে।

৬। উপজেলা নির্বাহী অফিসার কার্যাদেশ প্রদানের পর প্রকল্পের কাজ শেষ না হওয়া পর্যন্ত মাসিক অগ্রগতির প্রতিবেদন পরবর্তী মাসের ১ম সপ্তাহে অত্র দপ্তরে পৌঁছানো নিশ্চিত করবেন।

৭। এই ব্যয় ৪১১১৩১৫ স্মল ক্যাপিটাল ওয়ার্ক (মেরামত) আওতাধীন ১ম, ২য় ও ৩য় কিস্তিতে ছাড়কৃত অর্থ হতে নির্বাহ করা হবে।

৮। এই ব্যয় ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন বাজেটের গ্রান্ট নং ০২ কোড নং ১০৩০১০২-২২৪০০০৬০০-৪১১১৩১৫ আশ্রয়ণ-২ প্রকল্প হতে সংকুলান করা হবে।

৯। কাজটি সম্পাদনের পর কোন অর্থ উদ্বৃত্ত থাকলে তা ৩০শে জুন, ২০২০ এর পূর্বে চালানোর মাধ্যমে ১০৩০১০২-১৪৪১২০২ নং কোডে সরকারি কোষাগারে জমা করে চালানোর কপি এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।


১০। পুরাতন মালামাল (যদি থাকে) বিক্রি করে তা ৩০শে জুন, ২০২০ এর পূর্বে চালানের মাধ্যমে ১০৩০১০২-১৪৪১২৯৯ নং কোডে সরকারি কোষাগারে জমা করে চালানের কপি এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।

১১। জাতীয় রাজস্ব বোর্ডের বিশেষ আদেশ নং-১৫/মূসক/২০১৪/২২৪(১) তারিখঃ ২৮/০৪/২০১৪ খ্রিঃ এবং স্মারক নং-০৮.০১.০০০০.০৩৪.০৫.০০৯.১২-৩০৬ তারিখঃ ৩০/০৪/২০১৪ খ্রিঃ মোতাবেক আশ্রয়ণ-২ প্রকল্পের অধীনে ক্রয়কৃত পণ্য সামগ্রীর উপর মূসক ও আয়কর অব্যাহতি প্রদান করা হয়েছে।

১২। প্রকল্প পরিচালকের স্বাক্ষরের সহিত “emboss” সীল দেখে বরাদ্দ পত্রের যথার্থতা নিশ্চিত করতে হবে।

১৩। উক্ত অর্থ ব্যয়ের পর সংশ্লিষ্ট কোডে হিসাবভুক্তি করে প্রকল্প অফিসকে অবহিত করার জন্য উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তাকে অনুরোধ করা হ'ল।

আপনার বিশ্বস্ত,



প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন : ৯১২৪১০০

ই মেইল : ashrayanpmo@gmail.com

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-

- ১। বিভাগীয় কমিশনার, -----।
- ২। জেলা প্রশাসক, -----।
- ৩। উপ প্রকল্প পরিচালক, আশ্রয়ণ-২ প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, -----, -----।
- ৫। প্রকল্প প্রকৌশলী, আশ্রয়ণ-২ প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ৬। উপজেলা প্রকৌশলী, -----, -----।
- ৭। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, -----, -----।
- ৮। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, -----, -----।
- ৯। প্রকল্প নথি/অফিস কপি।